

“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৮/৩৩৫

তারিখ : ১০ জানুয়ারি ২০১৮ খ্রি:

বিষয় : পাবলিক পরীক্ষায় উত্তরপত্র মূল্যায়ন বাধ্যতামূলক সম্পর্কিত প্রজ্ঞাপন।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শাঃ ১০/বোর্ড বিবিধ-১/২০০৩ (অংশ)/০৯, তারিখ : ০৫/০১/২০১০


সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১১০.০০০৩.২০০৬(অংশ)-৬৭২, তারিখ : ০৮/০৮/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবলিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য নিয়োগপ্রাপ্ত অনেক প্রধান পরীক্ষক ও পরীক্ষক বিভিন্ন অজুহাতে উত্তরপত্র বিতরণের সময় অনুপস্থিত থাকেন। ফলে উত্তরপত্র সঠিক সময়ে বিতরণ করা সম্ভব হয় না। নির্ধারিত সংখ্যক পরীক্ষক উপস্থিত না হওয়ার কারণে স্বল্প সংখ্যক পরীক্ষকদের মধ্যে উত্তরপত্র বিতরণ করতে হয় বিধায় পরীক্ষক প্রতি উত্তরপত্রের সংখ্যা বেড়ে যায়। এতে উত্তরপত্র মূল্যায়নে বিলম্ব হয় এবং সরকার নির্ধারিত সময়ে ফলাফল প্রকাশ করা কষ্টসাধ্য হয়ে পড়ে। তদুপরি উত্তরপত্র মূল্যায়নে ভুল ও অবমূল্যায়ন হওয়ার আশংকা থাকে।

সুষ্ঠু ও যথাযথভাবে পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের স্বার্থে পাবলিক পরীক্ষায় নিয়োগপ্রাপ্ত প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের উত্তরপত্র মূল্যায়নের কাজটি শিক্ষা মন্ত্রণালয় বাধ্যতামূলক করেছে। যে সকল শিক্ষক পাবলিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন কাজে যথাযথ কারণ ছাড়া অনীহা প্রকাশ করবেন বা অনুপস্থিত থাকবেন তাঁদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আসন্ন এসএসসি পরীক্ষা-২০১৮ উপলক্ষে তাঁর প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষককে বিষয়টি অবহিত ও প্রতিপালন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের
সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।


(কারসার আহমেদ) ১০.১.১৮
পরীক্ষা নিয়ন্ত্রক


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৮/৩৩৫

তারিখ : ১০ জানুয়ারি ২০১৮ খ্রি:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। অতিরিক্ত সচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৪। কেন্দ্র সচিব, এসএসসি পরীক্ষা-২০১৮ (তাঁর কেন্দ্রের আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল)।
- ৫। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৬। সংরক্ষণ নথি।


10.01.18

(মোহাম্মদ শহিদুল ইসলাম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৪৬১

ইমেইলঃ dcscomillaboard@gmail.com